



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
পটিয়া, চট্টগ্রাম।
www.dgfood.gov.bd
www.food.patiya.chittagong.gov.bd

খাদ্যশস্য লাইসেন্স নবায়ন বিজ্ঞপ্তি

এতদ্বারা পটিয়া উপজেলার সকল প্রকার খাদ্যশস্য লাইসেন্সধারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ অর্থ বছর মেয়াদের সকল প্রকার খাদ্যশস্য লাইসেন্স এর বৈধতার মেয়াদ ৩০/০৬/২০২২ খ্রি. তারিখে শেষ হবে। অতএব, অত্র কার্যালয় হতে ইস্যুকৃত খাদ্যশস্য লাইসেন্সসমূহ ২০২২-২০২৩ মেয়াদে নবায়নের নিমিত্ত ৩০/০৬/২০২২ খ্রি. তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) ট্রেজারী চালান পাশের মাধ্যমে নবায়ন ফি সোনালী ব্যাংক লি.; পটিয়া শাখায় জমা দিয়ে মূল চালান কপি জমা প্রদান পূর্বক নবায়িত লাইসেন্স সংগ্রহ করার জন্য সংশ্লিষ্ট খাদ্যশস্য ব্যবসায়ী, রাইস মিল মালিক, ময়দামিল মালিক, ওএমএস, খাদ্য বান্ধব কর্মসূচি ব্যবসায়ীগনকে অনুরোধ করা হল।

লাইসেন্স নবায়ন ফিঃ-

১।	পাইকারী ও আড়তদার	:-	২,৫০০/-
২।	খুচরা ব্যবসায়ী	:-	৫০০/-
৩।	মেজর ও কমপ্যাক্ট ময়দাকল	:-	১,৫০০/-
৪।	আটা চাক্কি	:-	৩০০/-
৫।	অটো রাইস মিল	:-	২,৫০০/-
৬।	মেজর রাইস মিল	:-	২,০০০/-
৭।	হাঙ্কিং রাইচ মিল	:-	৫০০/-
৮।	ওএমএস/ফেয়ার প্রাইস/খাদ্য বান্ধব কর্মসূচী	:-	৫০০/-

লাইসেন্স ফি জমার কোড নং-১-৪৮৩১-০০০১-১৮৫৪

ভ্যাট ফি জমার কোড নং-১-১১৩৩-০০২৫-০৩১১

নির্ধারিত লাইসেন্স নবায়ন ফি এর উপর ১৫% হারে প্রযোজ্য ভ্যাট পৃথক চালানে জমা করতে হবে।

নির্ধারিত সময়ে লাইসেন্স নবায়ন করে বৈধ ভাবে ব্যবসা পরিচালনা করত: আইনগত সমস্যা/হয়রানি এড়িয়ে চলার জন্য অনুরোধ করা হল।

বিঃদ্রঃ-৩০ শে জুন/২২ তারিখের মধ্যে লাইসেন্স নবায়নে ব্যর্থতায় ময়াদোত্তীর্ণ লাইসেন্সসমূহ পরবর্তী ৩(তিন) মাসের মধ্যে (৩০ সেপ্টেম্বর) নবায়ন করা যাবে তবে এক্ষেত্রে নবায়ন ফি এর ১০% অতিরিক্ত অর্থ জরিমানা বাবদ পরিশোধ করতে হবে।

যথাসময়ে লাইসেন্স নবায়নে ব্যর্থতায় লাইসেন্স বাতিলপূর্বক সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাঃ-

(প্রমিত কুমার চাকমা)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

পটিয়া, চট্টগ্রাম।

তারিখ : ০৮/০৬/২০২২ খ্রি:

স্মারক নং- ১৩.০১.১৫৬১.০০৪.৪৮.০০৪.২১-১৩১

অনুলিপিঃ- সদয় অবগতি/কাযার্থে।

- ১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
- ২। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লি.; পটিয়া শাখা, চট্টগ্রাম।
- ৩। খাদ্য পরিদর্শক, অত্র কার্যালয়।
- ৪। মেসার্স..... পটিয়া, চট্টগ্রাম।
- ৫। অফিস কপি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
পটিয়া, চট্টগ্রাম।